

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৫৯৪(আগরতলা, ১১।৯)
ছৈলেখটা, ১১ সেপ্টেম্বর, ২০১৯

প্রশাসনিক দলের বটতলা ভিলেজ এলাকা পরিদর্শন

ধলাই জেলা প্রশাসনের উদ্যোগে গত ৯ সেপ্টেম্বর ধলাই জেলার ভারপ্রাপ্ত জেলাশাসক ময়ূর আর গবেকারের নেতৃত্বে বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ মনু ব্লকের বটতলা ভিলেজ কমিটির বিভিন্ন এলাকা পরিদর্শন করেন। এই উপলক্ষে সংশ্লিষ্ট ভিলেজের অষ্টকুমার পাড়ার তুইবাকলাই নিম্ন বুনিয়াদী বিদ্যালয়ে মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় এলাকার জনগণের সাথে ঐ এলাকার যোগাযোগ ব্যবস্থা, পানীয় জলের উৎস সৃষ্টি, বিদ্যুতায়ণ, স্বাস্থ্য, বনায়ণ ইত্যাদি বিষয় নিয়ে বিস্তৃত আলোচনা হয়। সভায় ধলাই জেলার ভারপ্রাপ্ত জেলাশাসক এলাকার জনগণের আর্থ-সামাজিক উন্নয়নে বিভিন্ন কর্মসূচি সঠিক সময়ে রূপায়ণের জন্য বিভিন্ন দপ্তরের প্রতিনিধিদের প্রতি আহ্বান জানান। এদিনের কর্মসূচিতে মনু ব্লকের বি ডি ও পরিমল মজুমদার সহ পানীয়জল ও স্বাস্থ্যবিধান, ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম, পূর্ত, মৎস্য, কৃষি, জলসম্পদ, শিক্ষা, বন, তথ্য ও সংস্কৃতি সহ বিভিন্ন দপ্তরের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।
